



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
জনবল ব্যবস্থাপনা শাখা-১
www.ecs.gov.bd
নির্বাচন ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।

নম্বর: ১৭.০০.০০০০.০১৫.১১.০৪৫.২০-২৬০

তারিখ: ৪ শ্রাবণ ১৪২৮

১৯ জুলাই ২০২১

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০২ ডিসেম্বর ২০২০ তারিখের ৮০.০০.০০০০.১১১.১১.০১১.২০১৯-১৩২ নং পত্রের সুপারিশক্রমে নিম্নোক্ত ০৯ (নয়) জন-কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-৯ অনুযায়ী ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০- ৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ টাকার বেতন স্কেলে 'উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা' পদে নিম্নেবর্ণিত শর্তে নিয়োগ করা হইলঃ

ক্রমিক নং	পিএসসি কর্তৃক প্রেরিত মেধাক্রম	রেজিস্ট্রেশন নম্বর	নাম	পিতার নাম	স্থায়ী ঠিকানা	নিজ জেলা
১	২	৩	৪	৫	৬	৭
১	১	০২৪৩৯৬	মোঃ তামজীদুর রহমান তন্ময়	মোঃ মাহবুবুর রহমান	গ্রাম+ডাকঘরঃ পাটগাতী থানাঃ টুঞ্জীপাড়া জেলাঃ গোপালগঞ্জ	গোপালগঞ্জ
২	২	০৭১২৭৩	মেহেদী হাসান	মোঃ রুহুল আমিন	গ্রাম+ডাকঘরঃ সিতাইকুলু থানাঃ কোটালিপাড়া জেলাঃ গোপালগঞ্জ	গোপালগঞ্জ
৩	৪	০৭৩৯৩৩	রাসেদুল ইসলাম	সিরাজুল ইসলাম	গ্রামঃ দক্ষিণ সাহেব রামপুর ডাকঘরঃ সাহেব রামপুর উপজেলাঃ কালকিনি জেলাঃ মাদারীপুর	মাদারীপুর
৪	৫	০৯৭৩২৯	মোঃ সাদ্দাম হোসেন	মোঃ ফইম উদ্দিন	গ্রামঃ দক্ষিণ উদাখালী ইউনিয়নঃ উদাখালী ডাকঘরঃ উদাখালী উপজেলাঃ ফুলছড়ি জেলাঃ গাইবান্ধা	গাইবান্ধা
৫	৬	৪১০৮৯১	অনুজ গাইন	দীপক গাইন	C/O: দীপক গাইন গ্রামঃ চটকাতলা ডাকঘরঃ শরিষামুঠ-৯২৯১ উপজেলাঃ কয়রা জেলাঃ খুলনা	খুলনা

৬	৮	৮০৭৭০০	রাজিবুল করিম	মৃতঃ মিজানুর রহমান	গ্রামঃ কূর্শাবাদাগৈড় ডাকঘরঃ নকলা উপজেলাঃ নকলা জেলাঃ শেরপুর	শেরপুর
৭	৯	০৫২২৬০	মোঃ আল নোমান	মোঃ আবু হাসনাত	গ্রামঃ দৌলতপুর ডাকঘরঃ দৌলতপুর-১৮৬০ উপজেলাঃ দৌলতপুর জেলাঃ মানিকগঞ্জ	মানিকগঞ্জ
৮	১৫	১১৫০৩৮	মোঃ রাহাত তানভীর চৌধুরী	মোঃ সফিউর রহমান চৌধুরী	গ্রামঃ রূপপুর ডাকঘরঃ মাসুমদিয়া থানাঃ আমিনপুর উপজেলাঃ বেড়া জেলাঃ পাবনা	পাবনা
৯	১৭	১০৫২৬৬	সেতু কুমার বিশ্বাস	তপন কুমার বিশ্বাস	গ্রামঃ বানিয়াগাতী ডাকঘরঃ কামারগ্রাম উপজেলাঃ আলফাডাঙ্গা জেলাঃ ফরিদপুর	ফরিদপুর

(ক) নির্বাচন কমিশন সচিবালয়ের আদেশক্রমে তাঁহাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা অন্য কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকার/কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিষয়ের উপর বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ এই প্রশিক্ষণের সময়কাল বাড়াইতে বা কমাইতে পারিবে; অথবা প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ বুনিয়াদি প্রশিক্ষণের পূর্বে বা পরে তাঁহাকে অন্য যেকোন প্রশিক্ষণের জন্য মনোনীত করিতে পারিবে;

(খ) বুনিয়াদি প্রশিক্ষণ ছাড়াও কর্তৃপক্ষের অভিপ্রায় অনুযায়ী তাঁহাকে পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে

(গ) উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা পদে যোগদানের তারিখ হইতে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করিতে হইবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকিবার অনুপযোগী বলিয়া বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং পাবলিক সার্ভিস কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁহাকে চাকরি হইতে অপসারণ করা যাইবে;

(ঘ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনান্তে এবং যদি শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হয়, তাহা হইলে তাঁহাকে চাকরিতে স্থায়ী করা হইবে;

(ঙ) উপরের (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি আপনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাঁহাকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবেন;

(চ) যদি তাঁহার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়া কর্তব্যে অনুপস্থিত থাকেন, তাহা হইলে উপ-অনুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁহার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিম্যান্ড রিকভারি অ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেঙ্গল অ্যাক্ট নং-৩) এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তাঁহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে;

(ছ) তাঁহার জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হইবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অঞ্জীকারাবদ্ধ হইয়া থাকেন তবে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে;

(ঝ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তাঁহার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-আদেশ এবং নির্বাচন কমিশন সচিবালয়/সরকার/কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাঁহার চাকরি নিয়ন্ত্রিত হইবে;

(ঞ) এই চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

২। যদি উল্লিখিত শর্তাবলী তাঁহার নিকট গ্রহণযোগ্য হয়, তবে আগামী ০১ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ/১৭ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ তারিখে সম্মতিপত্রসহ 'উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা' হিসাবে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা অথবা secretary@ecs.gov.bd এবং sas_pm1@ecs.gov.bd ইমেইল ঠিকানায় যোগদানপত্র দাখিল/প্রেরণের জন্য অনুরোধ করা হইল। উক্ত তারিখে যোগদান না করিলে চাকরিতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া নেওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। জনস্বার্থে এই নিয়োগ প্রদান করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



১৯-৭-২০২১

মোহাম্মদ শহীদুর রহমান

সহকারী সচিব

ফোন: ৫৫০০৭৫৩৭/০১৫৫০০৪২০৩২

ইমেইল: sas_pm1@ecs.gov.bd

নম্বর: ১৭.০০.০০০০.০১৫.১১.০৪৫.২০-২৬০/১(৪১)

তারিখ: ৪ শ্রাবণ ১৪২৮

১৯ জুলাই ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
- ৪) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) সচিব, জন বিভাগ
- ৬) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা, [তাহার ০২ ডিসেম্বর ২০২০ তারিখের ৮০.০০.০০০০.১১১.১১.০১১.২০১৯-১৩২ নং পত্রের সুপারিশ অনুযায়ী,]
- ৭) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব এর দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ৮) মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)
- ৯) মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ১০) যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১১) মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ১২) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, -----(সকল)
- ১৩) উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ১৪) সিনিয়র/জেলা নির্বাচন কর্মকর্তা, -----(সকল)
- ১৫) চিফ একাউন্ট্যান্ড ফিন্যান্স অফিসার, সি এজি, পিএসসি ও নির্বাচন কমিশন, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ১৬) বিভাগীয়/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----(সংশ্লিষ্ট)
- ১৭) মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন

কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৮) মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিবগণ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)

১৯) সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২০) নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা

২১) উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, -----(সকল)

২২) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----(সংশ্লিষ্ট)

২৩) জনাব-----